


'এবং মল্লয়া'-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.-CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ২০২০ সালে প্রকাশিত ৮৬ পৃ.
তালিকার ৬০ পৃ. এবং ৮৪ পৃ. উল্লেখিত।

এবং মল্লয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২২ তম বর্ষ, ১২৬ সংখ্যা, নভেম্বর, ২০২০



সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

U.G.C.-CARE List approved journal, Indian Language-Arts
and Humanities Group, out of 86 pages placed in Page 60 &
84.

EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with
Peer-Review Journal

22th Year, 126 Volume

Nov, 2020

Published By

K.K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

DTP and Printed By

K.K. Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoorbera@gmail.com

Rs 500

সূ চি প ত্র

| | |
|---|-----|
| ১.উত্তরবঙ্গের ইতিহাস ও ঐতিহাসিক তথ্য : একটি পর্যবেক্ষণ :: উমেশ চন্দ্র মুর্মু..... | ৯ |
| ২.উনিশ শতকের বঙ্গীয় নবজাগরণের আলোকে উত্তরবঙ্গ :: রত্নাণী ভট্টাচার্য..... | ২০ |
| ৩.উত্তরবঙ্গের নব্য প্রসঙ্গ যুগের ইতিহাস : একটি সমীক্ষা :: ড.পলাশ কুমার সাহা..... | ২৬ |
| ৪.প্রসঙ্গ : উত্তরবঙ্গের নগর এবং একটি পর্যালোচনা :: অসীম কুমার মণ্ডল..... | ৩১ |
| ৫.উত্তরবঙ্গের অসুর জনজাতির সমাজ ও সংস্কৃতি : একটি সমীক্ষা :: ড.অভিজিৎ বর্মণ..... | ৩৭ |
| ৬.উত্তরবঙ্গের ভাষা ও সংস্কৃতির সংকট : প্রতিকারে শিক্ষা :: ড.হজরত আলি সেখ..... | ৪৪ |
| ৭.উত্তরবঙ্গের নিজস্ব সংস্কৃতি ও স্বল্পালোচিত বিস্মৃতপ্রায় নৃত্যশৈলী :: ড.মৌমিতা সরকার..... | ৫১ |
| ৮.উত্তরবঙ্গের সমাজ ও সাংস্কৃতিক জীবনে নারীর স্থান :: পবিত্র কুমার বর্মণ..... | ৬৩ |
| ৯.শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও তার কথাসাহিত্যে উত্তরবঙ্গের সংস্কৃতি :: অমলেন্দু মন্ডল..... | ৭২ |
| ১০.দেশীয়রাজ্য কোচবিহারের সারস্বতও সাংস্কৃতিক সভা-সমিতি-সমাজ :: ফুলচান বর্মণ..... | ৮০ |
| ১১.উত্তরবঙ্গে আর্থিকরণ ও মিথিলা সংস্কৃতির প্রভাব : একটি ঐতিহাসিক পর্যবেক্ষণ :: সেখ রিয়াজুল মিদে..... | ৮৮ |
| ১২.উত্তরবঙ্গের রাজবংশী সমাজের লোকজীবন ও লোকসংস্কৃতির সামগ্রিক পরিবর্তন :: ড.জিতেশ চন্দ্র রায়..... | ৯৫ |
| ১৩.আলিপুরদুয়ার শহরের চর্মকার সম্প্রদায়ের সংকটময় জীবন ও সংস্কৃতি : একটি অনালোচিত অধ্যায় :: গোবিন্দ রাজবংশী..... | ১০৭ |
| ১৪.এক অনালোচিত ইতিহাস:দর্পণে মালদা ও দক্ষিণ দিনাজপুর জেলার মেলাগুলো :: সুরজিৎ সাহা..... | ১১৫ |

উত্তরবঙ্গের ভাষা ও সংস্কৃতির সংকট :

প্রতিকারে শিক্ষা

ড. হজরত আলি সেখ

সংক্ষিপ্তসার :

পশ্চিমবঙ্গের উত্তরাংশের ছটি জেলা নিয়ে উত্তরবঙ্গ গঠিত। এই ছটি জেলা হল— মালদহ, দঃ দিনাজপুর, উঃ দিনাজপুর, কোচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং। স্বাধীনতার আগে রংপুর, দিনাজপুর, বগুড়া, রাজসাহী ইত্যাদি অঞ্চলও উত্তরবঙ্গের সাথে যুক্ত ছিল। উর্বর জমি ও জনপদ বর্তমানে বাংলাদেশে চলে গেছে। তবুও গৌড় মালদহ জাতীয় ঐতিহাসিক ও প্রাচীন জনপদের কিছু অংশ পশ্চিমবঙ্গের মধ্যে আছে। উত্তরবঙ্গ বহু জনজাতির বাসস্থান। বণহিন্দু বাঙালি, বাঙালি মুসলমান, খেন, রাজবংশী, নেপাল ও তিব্বত থেকে আসা নানা সম্প্রদায় ও ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে সাঁওতাল জনগোষ্ঠী জঙ্গল পরিষ্কার করে আবাদী জমি গড়ে তুলেছে। উত্তরবঙ্গের দক্ষিণাংশে গৌড়বঙ্গের বাঙালিরা উন্নত চাষাবাস করলেও, উত্তরাংশে তখন ছিল আদিম সভ্যতা। কোচবিহার ও পার্শ্ববর্তী অঞ্চলে ছিল ঘন জঙ্গল, অন্ধকার ও তারই মধ্যে জঙ্গল পরিষ্কার করে কিছু আবাদী জমি। এছাড়াও ঘন ঘন ভূটান ও কোচবিহার রাজাদের যুদ্ধ বিবাদের জন্য সাধারণ মানুষ এখানে বসবাস করত না। বিভিন্ন গোষ্ঠী ও সম্প্রদায়ভুক্ত জনজাতি উত্তরাংশের এই অঞ্চলে আদিম জীবনযাপন করত এবং নিজস্ব ভাষা ও সংস্কৃতির স্বাতন্ত্র্য বজায় রাখত। ইংরেজ আগমনের সাথে সাথে উত্তরবঙ্গের পাহাড়ী অঞ্চলে, বিশেষত, বর্জিলি ও ডুরার্নে আধুনিক জনপদ গড়ে ওঠে। এ অঞ্চলে ব্যাপক হারে চা-বাগান গড়ে ওঠে। চা বাগানের শ্রমিক হিসাবে নেপাল, বিহার ও আসাম থেকে বিভিন্ন সম্প্রদায়ের মানুষের আগমন ঘটে। আধুনিক শিক্ষা ও নগরায়ণের প্রভাবে এখানকার আদিম গোষ্ঠী ও আগত বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ভাষা ও সংস্কৃতির আদান প্রদান ঘটে এবং সামাজিক মেলবন্ধন সম্ভবপর হয়। কিছুক্ষেত্রে ভাষা ও সংস্কৃতির স্বাতন্ত্র্য বিনষ্ট হয় এবং কিছু ভাষা লুপ্তপ্রায় হয়। প্রকৃত শিক্ষার কাজ হল এ ব্যাপারে সকলকে সচেতন করা এবং লুপ্তপ্রায় ভাষা ও সংস্কৃতিকে সংরক্ষণ করা।

সূচক শব্দ :

ভাষা, সংস্কৃতি, সংকট, স্বাতন্ত্র্য, লুপ্তপ্রায়, সম্প্রদায়।

উদ্দেশ্য :

বর্তমান প্রতিবেদনটির উদ্দেশ্য সমূহ নিম্নরূপ -